



নিউ ইয়র্ক সিটির মানবাধিকার আইন **দর্শনার্থী ও পর্যটক-সহ** সকলকেই সুরক্ষা দেয়া সিটি কর্তৃপক্ষ সবার জন্য— ঘৃণা, পক্ষপাত ও বৈষম্যমুক্ত পরিবেশে এই শহর উপভোগ করার অধিকার নিশ্চিত করে।

যুক্তরাষ্ট্রে বৈষম্যবিরোধী সবচেয়ে শক্তিশালী আইনগুলোর একটি আছে নিউ ইয়র্ক সিটিতে, যেখানে 25টিরও বেশি ভিন্ন ভিন্ন সুরক্ষা বিভাগ অন্তর্ভুক্ত রয়েছে।

### সুরক্ষাগুলো কোথায় প্রযোজ্য?

আপনি যেসব স্থানে যেতে পারেন বা অবস্থান করতে পারেন এমন অনেক স্থানেই আইনটি আপনাকে সুরক্ষা প্রদান করে — যার মধ্যে রয়েছে:

- হোটেল, হোস্টেল, স্কুল প্রাঙ্গণ ও স্বল্পমেয়াদী ভাড়াবাড়ি
- ব্যবসা প্রতিষ্ঠান, দোকান ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠান
- ট্যাক্সি ও গণপরিবহন

### বৈষম্যের উদাহরণগুলো কী কী?

- কোনো হোটেলে সেবা প্রদানকারী প্রাণী (service animal) ব্যবহারকারী অতিথিকে বলা হলো যে ভেতরে পোষা প্রাণী অনুমোদিত নয়।
- একজন পর্যটককে জানানো হলো যে, তিনি দর্শনীয় স্থান ভ্রমণের ট্যুরে যোগ দিতে পারবেন না, কারণ তিনি চলাচলের সহায়ক যন্ত্র (mobility device) ব্যবহার করেন এবং “যন্ত্রটি বেশি জায়গা নেয়।”
- একজন ট্যাক্সি চালক কোনো ব্যক্তির ধর্মীয় পোশাকের কারণে তাঁর প্রতি আপত্তিকর মন্তব্য করেন এবং তাঁকে গাড়িতে তুলতে অস্বীকৃতি জানান।

নিউ ইয়র্ক সিটিতে অবস্থানরত সকলের — দর্শনার্থী ও পর্যটকসহ— ঘৃণা, পক্ষপাত ও বৈষম্যমুক্ত পরিবেশে এই শহরটি উপভোগ করার অধিকার রয়েছে; আপনি এখানে যত সময়ের জন্যই অবস্থান করুন না কেন। আরও জানতে দেখুন—

[www.NYC.gov/VisitingNYC](http://www.NYC.gov/VisitingNYC)